# [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

---

# [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

স্বজনরা। পরে তাকে কুমারখালী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

করোনার টিকা নিয়ে বাড়ি ফেরা হলোনা দুই সহ দরের

টিকা নিয়ে আর বাড়ি ফেরা হলোনা দুই সহ দরের।বুধবার ভোরে মানিক গঞ্জের ধামরাইলে পাটুরিয়া গামী বাসের ধাক্কায় প্রানপ্রদী পনি ভেযায় মটর সাইকেল আরোহী দুই ভাইয়ের। নিহত নাছির উদ্দিন জোয়ার্দ্দার (৪৫) ও তার ছোট ভাই নাফিস উদ্দিন জোয়ার্দ্দার ঝিনাইদহের শৈলকুপার উত্তর মির্জাপুর গ্রামের মৃত আবুল কালাম আজাদের ছেলে। নাছির উদ্দিন দীর্ঘ ২০ বছরেরও বেশী সময় সৌদি প্রবাসী ব্যবসায়ী ও তার ছোট ভাই নাফিস উদ্দিন ভারতের দিল্লীর একটি ইঞ্জিনিয়ারিং কলেজ থেকে সদ্য এম বিএ শেষ করেন বলে জানা যায়। সড়ক দূর্ঘটনায় নিহত নাছির ও নাফিজের ভগ্নি পতি মোশারফ হোসেন জানান, নাছির উদ্দিন ২০ বছরেরও বেশী সময় সৌদি প্রবাসী। সৌদি আরবে নিজ ব্যবসা প্রতিষ্ঠানে ফিরতে হবে এ জন্য সে গত সোমবার ছোট ভাই নাফিসকে সাথে নিয়ে ফাইজারের টিকা নিতে মোটর সাইকেল যোগে ঢাকাতে যায়। গত মঙ্গলবার টিকা গ্রহন সম্পন্ন করে বুধবার ভোরে দুই ভাই মোটর সাইকেলে বাড়ির উদ্দেশ্যে রওনাহন। পথের মধ্যে মানিক গঞ্জের ধামরাইলের ঢাকা-আরিচা মহাসড়কের বাথুলী নামক স্থানে পাটুরিয়া গামী একটি যাত্রবাহী বাস তাদের চাপা দিলে ঘটনা স্থলেই দুই ভায়ের মৃত্যু হয় বলে তিনি জানতে পারেন। নাছিরের ছোট ভাই নাফিস ভারতের দিল্লীর একটি ইঞ্জিনিয়ারিং কলেজ থেকে সদ্য এমবিএ শেষ করেছে বলে তিনি জানান।
৫নং কাঁচের কোলা ইউনিয়নের চেয়ারম্যান সালা উদ্দিন জোয়ার্দ্দার মামুন জানান, বুধবার ভোরে ঢাকার ধামরাইলে সড়ক দূর্ঘটনায় তার ইউনিয়নের উত্তর মির্জাপুর গ্রামের আপন দুই ভাই নিহত হয়েছে। নিহত নাছির সৌদি প্রাবাসী ও তার ছোট ভাই নাফিস ভারত থেকে সদ্য এমবিএ শেষ করেছে।
শৈলকুপা থানারওসি (তদন্ত) মহসিন হোসেনজানান, মানিকগঞ্জ থেকে এ ধরনের কোন দূর্ঘটনার কথা তাদের কে জানানো হয়নি।

কুষ্টিয়ায় পাট উৎপাদনকারী চাষীদের প্রশিক্ষণ

পাট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ‘‘উন্নত প্রযুক্তি নির্ভর পাট ও পাটবীজ উৎপাদন এবং সম্প্রসারণ শীর্ষক প্রকল্পের’’ আওতায় পাট উৎপাদনকারী চাষীর মধ্যে প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

বুধবার সকালে কুষ্টিয়া সদর উপজেলা অডিটোরিয়াম হলরুমে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেন কুষ্টিয়া সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আতাউর রহমান আতা।

উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) সাধন কুমার বিশ্বাসের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ পরিচালক কৃষিবীদ ড. হায়াত মাহমুদ, সদর উপজেলা কৃষি অফিসার বিষ্ণু পদ সাহা, সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শাহানাজ সুলতানা, পাট উন্নয়ন কর্মকর্তা মামুন অর রশীদ, পাট অধিদপ্তরের মুখ্য পরিদর্শক সোহরাব উদ্দিন বিশ্বাস প্রমুখ।

প্রশিক্ষণে সদর উপজেলার শতাধিক কৃষক উপস্থিত ছিলেন।

মেহেরপুরে হেরোইন রাখার অপরাধে এক ব্যক্তির যাবজ্জীবন কারাদন্ড

হেরোইন রাখার অভিযোগ প্রমাণিত হওয়ায় মনিরুল ইসলাম (৪৭) নামের এক ব্যক্তিকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড, ১০ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরো ৬ মাসের কারাদণ্ডের আদেশ দেওয়া হয়েছে।

বুধবার দুপুরের দিকে মেহেরপুরের অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতের বিচারক রিপতি কুমার বিশ্বাস এ রায় দেন। সাজাপ্রাপ্ত মনিরুল ইসলাম মেহেরপুরের গাংনী উপজেলার রামকৃষ্ণপুর ধলা গ্রামের আফসার আলীর ছেলে। মামলার বিবরণে জানা গেছে ২০১৩ সালের ১ আগস্ট গাংনীর র্যার-৬ এর এসআই কামালের নেতৃত্বে র্যার-৬ এর একটি দল গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের সাবেক চেয়ারম্যান কাবুল আলীর বাড়ির পাশের অভিযান চালিয়ে মনিরুল ইসলামকে আটক করেন।

এসময় মনিরুল ইসলামের কাছ থেকে ৩০.৪০ গ্রাম হেরোইন উদ্ধার করেন। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ১৯ এর (১) এর টেবিলের ১(ক) ধারায় গাংনী থানায় একটি মামলা দায়ের করেন। যার মামলা নং ১।

চুয়াডাঙ্গার কুলপালায় সড়ক দুর্ঘটনায় মেহেরপুরের মনিরুল নিহত

মেহেরপুর- চুয়াডাঙ্গা সড়কের কুলপালায় বালু ভর্তি ট্রাক ও পিকআপের মুখোমুখি সংঘর্ষে মনিরুল ইসলাম (৪০) এক ব্যক্তি নিহত হয়েছেন।
আজ বুধবার ভোর ৫টার সময় এ দুর্ঘটনা ঘটে। নিহত মনিরুল ইসলাম মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর গ্রামের কুপাজ উদ্দিনের ছেলে। জানা গেছে, মনিরুল ইসলাম গতকাল বিকেলে কলা বিক্রির উদ্দেশ্যে বরিশালে যান। বরিশাল থেকে মেহেরপুরে ফেরার উদ্দেশ্যে রওনা দেন। চুয়াডাঙ্গার কুলপালা নামক স্থানে এসে পিকআপটি নিয়ন্ত্রণ হারালে সামনে থাকা বালুভর্তি ট্রাকের সাথে সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই মনিরুল ইসলাম মারা যান এবং পিকআপ চালক মোঃ বকুল (৩৫) গুরুতর আহত হন। খবর পেয়ে চুয়াডাঙ্গা ফায়ার সার্ভিসের একটি টিম এসে তাদেরকে উদ্ধার করেন।

জনগণের অধিকার পুনরুদ্ধারের আমরা আছি,ছিলাম এবং থাকবো - সাবেক এমপি মাসুদ অরুন

. সাবেক সংসদ সদস্য ও মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুণ বলেছেন, আমরা সুনির্দিষ্টভাবে বলতে চাই, রাষ্ট্র যখন দুর্নীতিতে এমন এক জায়গায় পৌঁছে গেছে যেখানে রাষ্ট্র তার নৈতিকতাকে ধ্বংস করে ফেলে, মূল্যবোধকে ধ্বংস করে ফেলে।
আপনাদের সকলের নিশ্চয়ই জানা আছে কাঁকড়া এক সময় নিজেকে খেয়ে ফেলে। ঠিক তেমন রাষ্ট্র যখন উলঙ্গ হয়ে যায়, রাষ্ট্র যখন নৈতিকতা বিবর্জিত হয়ে যায়, রাষ্ট্র যখন মূল্যবোধকে হারিয়ে ফেলে, জনগণের সম্মান অধিকারকে হরণ করে। তখন রাষ্ট্র রাষ্ট্রকেই খেয়ে ফেলবে, আওয়ামী লীগ আওয়ামী লীগকে খেয়ে ফেলবে, নেতা-কর্মীকে খেয়ে ফেলবে, কর্মী-নেতাকে খেয়ে ফেলবে এটি হল ইতিহাস।

মাসুদ অরুন আরো বলেন, সময় থাকতে গণতন্ত্র পুনরুদ্ধারের লড়াইয়ে ঐক্যবদ্ধ হোন। আমি আওয়ামী লীগকে বলি দল-মত নির্বিশেষে অনতিবিলম্বে একটি গণতান্ত্রিক নির্বাচনের মধ্য দিয়ে দেশের মানুষের যে গণতান্ত্রিক দাবি সেই দাবি মেনে নেওয়া হোক।

বুধবার সকালে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র ৪৩ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন এসব কথা বলেন।

আলোচনা সভায় আরে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি ও সাবেক পৌর চেয়ারম্যান আব্দুর রহমান, মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, মুজিবনগর উপজেলা বিএনপি’র সভাপতি আমিরুল ইসলাম, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, মেহেরপুর জেলা তাঁতী দলের সভাপতি আরজুল্লাহ বাবলু মাস্টার সহ প্রমূখ।

মেহেরপুর ডিবি পুলিশের অভিযানে মাদকসহ গ্রেফতার-৩

মেহেরপুর শহরের বাসস্ট্যান্ড এলাকায় অভিযান চালিয়ে মোছাঃ রুপা খাতুন (২৪) নামের এক নারী মাদক ব্যবসায়ীকে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল। এঘটনায় রুপার পিতা মোঃ ইউসুফ আলী (৫০) ও মাতা মোছাঃ আছমা খাতুন (৪৫) কেউ আটক করা হয়।

মঙ্গলবার রাতে শহরের বাসস্ট্যান্ড পাড়ায় অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। এসময় তাদের বাড়ি তল্লাশি করে ২ বোতল ফেন্সিডিল, ৭ বোতল এলকোরেক্স এবং ১ বোতল সিপিডাস কফ্ সিরাপ উদ্ধার করে ডিবি পুলিশ।

ডিবি পুলিশের ওসি জুলফিকার আলী জানান, রুপা একজন মাদক ব্যবসায়ী। সে অন্য জায়গায় বসবাস করলেও তার বাবার বাড়ি থেকে কৌশলে মাদকের ব্যবসা করে। তার বাব-মা তাকে মাদক ব্যবসায় সহযোগীতা করে। সে তার বাবার বাড়িতে মাদক বিক্রির উদেশ্যে অবস্থান করছে এমন গোপন সূত্রে খবর পেয়ে এসআই বিশ্বজিৎ এর নেতৃত্বে সঙ্গীয় এসআই অজয় কুমার কুন্ডু, এসআই মুক্ত রায় চৌধুরী, এসআই হাবিবুর রহমান, এএসআই (নি:) আহসান হাবীব, এএসআই হেলাল উদ্দিন ও নারী পুলিশসহ মেহেরপুর পৌরসভার বাসস্ট্যান্ড পাড়ার ইউসুফ আলীর বাড়িতে অভিযান চালায়।

এসময় তাদের বাড়ি তল্লাশি করে ২ বোতল ফেন্সিডিল, ৭ বোতল এলকোরেক্স এবং ১ বোতল সিপিডাস কফ্ সিরাপ উদ্ধার সহ তাদের আটক করা হয়। যার আনুমানিক বাজার মূল্য ৪০ হাজার টাকা। এ ঘটনায় মামলার প্রস্তুতি চলছে।

মুজিবনগরে গুডনেইবার্স এর

উদ্যোগে কোভিড-১৯ মোকাবেলায় মাস্ক বিতরণ

মুজিবনগরে কোভিড-১৯ করোনা ভাইরাস মোকাবেলায়, গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিসের উদ্যোগে, জনগনকে সচেতন করা, সহ মহামারি থেকে বাঁচতে জনসচেতনতা মূলক প্রচার ও মাস্ক বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার সকাল সাড়ে ১১ টার সময় উপজেলার কেদারগঞ্জ বাজারে কর্মজীবি মানুষের মাঝে এই মাস্ক বিতরণ করা হয়। এ সময় গুডনেইবার্স মেহেরপুর সিডিপি এর ম্যানাজার লিংকন রায়,কেদারগঞ্জ বাজার ব্যবসায়ী কমিটির সভাপতি কুতুবউদ্দীন মল্লিক,কমিউনিটি ডেভেলপমেন্ট কমিটির সভাপতি ইউপি সদস্য মিঃ শংকর বিশ্বাস,বাগোয়ান ইউনিয়ন পরিষদের (সাবেক ভারপ্রাপ্ত) চেয়ারম্যান ও সিডিপি সহসভাপতি আক্কাস আলী গুডনেইবার্সের,হেল্থ অফিসার পঙ্কজ কুমার বিশ্বাসসহ গুডনেইবার্স এর ভলেন্টিটিয়ার বৃন্দ উপস্থিত ছিলেন।

করোনা ভাইরাস মোকাবেলায় গুডনেইবার্স এর পক্ষ থেকে কর্মজীবি মানুষের মাঝে ১হাজার মাস্ক বিতরণ করা হয়।

চুয়াডাঙ্গায় করোনায় ১ জনের মৃত্যু আক্রান্ত ১০

চুয়াডাঙ্গায় মঙ্গলবার করোনা আক্রান্ত হয়ে ১ জনের মৃত্যু হয়েছে এবং করোনা আক্রান্ত হয়েছেন আরও ১০ জন। চুয়াডাঙ্গায় করোনায় কমেছে মৃত্যুহার। চুয়াডাঙ্গায় মোট ২০৮ জন মৃত্যুবরণ করেছে এরমধ্যে চুয়াডাঙ্গায় করোনায় মারা গেছেন ১৮৮ জন এবং জেলার বাইরে ২০ জন।

গত ২৪ ঘন্টায় করোনা আক্রান্ত হয়ে আরও ১ জনের মৃত্যু হয়েছে। নতুন করে ১০ জন করোনা আক্রান্ত হয়েছেন।এই নিয়ে জেলায় মোট আক্রান্তের

সংখ্যা দাঁড়াল ৬ হাজার ৭০৬ জনে। চুয়াডাঙ্গা স্বাস্থ্য বিভাগ মঙ্গলবার ১১০ জনের নমুনা সংগ্রহ করেছে।

এই নিয়ে জেলায় মোট নমুনা সংগ্রহ দাঁড়িয়েছে ২৬ হাজার ৩১০ জন।এ দিকে ১৫১ জনের এর নমুনা পরীক্ষা রিপোর্ট পাওয়া গেছে এই নিয়ে জেলায় মোট ২৬ হাজার ৬৫৯ জনের নমুনা পরীক্ষা রিপোর্ট পাওয়া গেছে।

এ সময় ১০ জনের করোনা শনাক্ত হয়েছে এই নিয়ে জেলায় মোট করোনা আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৬ হাজার ৭০৬ জনে। মঙ্গলবার কোন রোগী সুস্থ না থাকলেও। এ নিয়ে জেলায় মোট সুস্থ হয়েছেন ৬ হাজার ৯৯ জন।

বর্তমানে সক্রিয় রোগীর মধ্যে হাসপাতালে রয়েছেন ২০ জন আর বাড়িতে আছেন ৩৭৯ জন। নতুন যে ১০ জন করোনা শনাক্ত হয়েছেন তার মধ্যে চুয়াডাঙ্গা সদর উপজেলার ৭ জন আলমডাঙ্গায় উপজেলায় ২ জন এবং জীবননগরে উপজেলায় ১ জন ।

চুয়াডাঙ্গা সিভিল সার্জন ডা. এ এস এম মারুফ হাসান আরো বলেন, চুয়াডাঙ্গায় এ পর্যন্ত ৮৭ জন স্বাস্থ্যকর্মী করোনা আক্রান্ত হয়েছেন এর মধ্যে ৮৫ জন সুস্থ হয়েছেন। গত এক সপ্তাহে চুয়াডাঙ্গা করোনা আক্রান্ত রোগীর সংখ্যা শতকরা ১৪.৩৯ শতাংশ।